দৈনিক সংবাদ

5

তারিখ 11 MAR 1989

পৃষ্ঠা ... কলাম ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# জুলাইয়ের প্রথম সপ্তাহে চাকসু নির্বাচন

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১০ই মার্চ।—আগামী জুলাই মাসের প্রথম সপ্তাহে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) ও হল সংসদসমূহের নির্বাচন অনুষ্ঠিত হবে। গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত সকল হল প্রভোষ্ট, ডীন, শিক্ষক ও কর্মচারী প্রতিনিধিদের এক যৌথসভায় গৃহীত প্রস্তাবে একথা বলা হয়। বৈঠকে

(৭-এর পাতায় দেখুন)

## চাকসু নির্বাচন

(১ম পাতার পর)

বলা হয় যে, আগামী জুন মাসের মধ্যে বিভিন্ন বিভাগের পরীক্ষা থাকার দরুন জুলাই মাসের পূর্বে নির্বাচন অনুষ্ঠান সম্ভব নয়।

নির্বাচনের ব্যাপারে ছাত্র সংগ্রাম পরিষদ জানিয়েছে, কর্তৃপক্ষ সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের কোন পরিবেশ সৃষ্টি না করেই নির্বাচন অনুষ্ঠানের ঘোষণা দিয়েছেন। তারা ৬ দফা দাবী কার্যকর করা না হলে নির্বাচনে অংশগ্রহণ তাদের পক্ষে সম্ভব নয় বলে কর্তৃপক্ষকে জানিয়ে দিয়েছে।